দৈনিক ইত্তেফাক

তারিখ 25 FEB 1994
পৃষ্ঠা ৫ কলাম ৭

রাজশাহী বিশ্ববিদ্যালয়

# আগামীকাল হইতে প্রথম বর্ষ অনার্সের ভর্তি পরীক্ষা

রাজশাহী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ আগামীকাল (শনিবার) হইতে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ১৯৯৩-৯৪ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ অনার্সের ভর্তি পরীক্ষা আরম্ভ হইবে। তিন হাজার দুইশত ২৫টি আসনে ভর্তির জন্য ৩২ হাজার ৬৩টি আবেদনপত্র জমা পড়িয়াছে। গত শিক্ষাবর্ষে এই সংখ্যা ছিল তিন হাজার ৯০ আসনের জন্য ২৯ হাজার নয়শত ৩৬টি। এইবার প্রথম কম্পিউটার সাইন্স বিভাগে ১৫ জন ছাত্র-ছাত্রী ভর্তি করা হইবে। ১৯৯৩-৯৪ শিক্ষাবর্ষে আসন অনুপাতে আইন অনুষদে বেশী আবেদনপত্র জমা পড়িয়াছে। অনুষদভুক্ত একমাত্র আইন বিভাগের একশত আসনের জন্য চার হাজার ৭৪টি আবেদনপত্র জমা পড়িয়াছে। গতবার তিন হাজার সাতশতটি জমা পড়ে। কলা অনুষদের সাতটি বিভাগের নয়শত ১৫টি আসনে এইবার ছয় হাজার ছয়শত ৪৮টি; সামাজিক বিজ্ঞান অনুষদের সাতটি বিভাগের ছয়শত ৩০টি আসনে আট হাজার দুইশত ৮৫টি; বিজ্ঞান অনুষদের নয়টি বিভাগের ছয়শত ৪৫টি আসনে পাঁচ হাজার ছয়শত ৬৯টি; জীব ও ভূবিজ্ঞান অনুষদের পাঁচটি বিভাগের তিনশত ৬৫টি আসনে তিন হাজার পাঁচশত ৪৭টি এবং ব্যবসায় ও বাণিজ্য অনুষদের চারটি বিভাগের পাঁচশত আসনের জন্য তিন হাজার আটশত ৪০টি আবেদনপত্র জমা পড়িয়াছে। সময়সূচী অনুযায়ী ২৬শে ফেব্রুয়ারী কলা; ২৭শে ফেব্রুয়ারী সামাজিক বিজ্ঞান; ২৮শে ফেব্রুয়ারী, আইন; ১লা মার্চ জীব ও ভূবিজ্ঞান; ২রা মার্চ ব্যবসায় ও বাণিজ্য এবং ৩রা মার্চ বিজ্ঞান অনুষদের পরীক্ষা হইবে।